Times Today BD

ডেন্স রিপোর্ট | স্বাস্থ্য | 16 June, 2025

দেশে গত ২৪ ঘণ্টায় আরও ২৫ জনের শরীরে করোনাভাইরাস শনাক্ত হয়েছে।এই সময়ে করোনা আক্রান্ত হয়ে একজনের মৃত্যু হয়েছে বলে

জানিয়েছে স্বাস্থ্য অধিদপ্তর।সোমবার (১৬ জুন) স্বাস্থ্য অধিদপ্তরের পাঠানো করোনা বিষয়ক নিয়মিত সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, গত ২৪

ঘণ্টায় ২৩১টি নমুনা পরীক্ষায় সংক্রমণের হার ১০.৮২ শতাংশ।এই সময়ে শনাক্ত হওয়া ২৫ জনসহ ২০২৫ সালের জানুয়ারি থেকে এ পর্যন্ত

মোট আক্রান্ত হয়েছেন ২৮৪ জন।আর চলতি বছর করোনায় মৃত্যুর সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৫ জনে।

সার্বিকভাবে দেশে এখন পর্যন্ত করোনা আক্রান্ত রোগীর সংখ্যা ২০ লাখ ৫১ হাজার ৮৪৮ জন এবং মৃত্যুবরণ করেছেন ২৯ হাজার ৫০৪ জন।

দেশে মহামারির শুরু থেকে এখন পর্যন্ত গড় শনাক্তের হার ১৩.০৫ শতাংশ।

প্রসঙ্গত, দেশে ২০২০ সালের ৮ মার্চ প্রথম তিনজনের শরীরে করোনাভাইরাস শনাক্ত হয় এবং ওই বছরের ১৮ মার্চ প্রথম একজনের মৃত্যু

হয়।সবচেয়ে বেশি মৃত্যুর রেকর্ড হয়েছিল ২০২১ সালের ৫ ও ১০ আগস্টে, প্রতিদিন ২৬৪ জন করে মৃত্যুবরণ করেছিলেন।

বিশেষজ্ঞরা করোনার বর্তমান সংক্রমণ বৃদ্ধিকে হালকাভাবে না দেখে সতর্ক থাকার পরামর্শ দিয়েছেন।জনসাধারণকে যথাসম্ভব স্বাস্থ্যবিধি

মেনে চলার আহ্বান জানিয়েছে স্বাস্থ্য অধিদপ্তর।

করোনা মৃত্যু স্বাস্থ্য অধিদপ্তর

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 05:26

URL: https://timestodaybd.com/public/health/3033813460